



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৯১২.১৬-৬৮২২(২)

তারিখঃ ২১/০৭/২০১৬ খ্রিঃ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
-----উপজেলা,  
-----জেলা।

বিষয়ঃ বিভিন্ন ধরনের গিফট আইটেম (হস্তশিল্প, শোপিচ প্রভৃতি) তৈরি বিষয়ক ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য আত্মহী সুফলভোগীদের নামের তালিকা প্রেরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পভুক্ত উপজেলায় সুফলভোগী গ্রামীণ নারীদের আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমান সময়ের প্রেক্ষাপটে দেশের বিভিন্ন ধরনের গিফট আইটেম (হস্তশিল্প, শোপিচ প্রভৃতি) পণ্যের চাহিদা রয়েছে। উন্নত মানের দৃষ্টিনন্দন শোপিচ উৎপাদিত হলে তা থেকে ভালো বাজারমূল্য পাওয়া যায় বিধায় আত্মকর্মসংস্থান এবং আধুনিক পেশা হিসেবে হস্তশিল্প, শোপিচ তৈরী ব্যাপক ভূমিকা রাখবে। গিফট আইটেম (হস্তশিল্প, শোপিচ) প্রভৃতির প্রচুর চাহিদার কথা বিবেচনা করে উক্ত বিষয়ের উপর ৩০ (ত্রিশ) দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণ কোর্স বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জে আয়োজনের উদ্যোগ গ্রহন করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগীদের প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদান সহ তাদের উৎপাদিক হস্তশিল্প, শোপিচ বাজারজাতকরণের ব্যবস্থা প্রকল্প কর্তৃক গৃহীত হবে।

২। এমতাবস্থায়, উপজেলায় সংশ্লিষ্ট মহিলা সমিতি'র ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা নির্বাহী অফিসারকে সম্পূর্ণ রেখে প্রতি ইউনিয়ন হতে ০১ জন করে মোট ০৪ জন নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন আত্মহী সুফলভোগী (যোগ্যতা সম্পন্ন সুফলভোগী না পাওয়া গেলে নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন সদস্য সমিতিতে অন্তর্ভুক্ত করে) তালিকা প্রণয়ন করতঃ (সংযুক্ত ছক মোতাবেক) আগামী ০১/০৮/২০১৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। কোন উপজেলা হতে সুফলভোগীর তালিকা না পাওয়া গেলে তা সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার দায়িত্ব অবহেলা হিসেবে গণ্য করে তাকে অন্য বিভাগে শাস্তিমূলক বদলি করা হবে।


ক) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে।

খ) সুফলভোগী নারীদের বয়স ২০-৩৫ বছর হতে হবে।

গ) বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জে ৩০ দিন অবস্থান করার বিষয়ে বৈধ অভিভাবকের অনুমতি থাকতে হবে।

ঘ) বিভিন্ন ধরনের গিফট আইটেম (হস্তশিল্প, শোপিচ প্রভৃতি) বিষয়ক প্রশিক্ষণ গ্রহন এবং পণ্য উৎপাদনে আত্মহ থাকতে হবে।

৩। বিষয়টি অত্যন্ত জরুরী।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং: ০২-৮১৮০১৪৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৩। পরিচালক (সরেজমিন), মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।

৬। অফিস কপি/ সংশ্লিষ্ট নথি গার্ড ফাইল।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমাধিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

উপজেলা-----, জেলা-----।

বিভিন্ন ধরনের গিফট আইটেম (হস্তশিল্প, শোপিচ প্রভৃতি) তৈরি বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণে আগ্রহী সদস্যদের তালিকাঃ

ক্রঃ নং	সদস্যের নাম ও আইডি নম্বর	সমিতির নাম	ইউনিয়নের নাম	সদস্য অস্তত্বক্রির তারিখ	শিক্ষাগত যোগ্যতা	জন্ম তারিখ	০১/০৭/২০১৬ তারিখে বয়স	মোবাইল নম্বর (নিজের/পরিবারের)
০১								
০২								
০৩								
০৪								

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা